**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/9/2023 **গভর্নর ক্যাথি হোকল**

## গভর্নর হোকল ঘোষণা করলেন যে স্টেটের এজেন্সিসমূহ ভারী বৃষ্টিপাতের পরে অন্টারিও লেকের পানির স্তরের উচ্চতা পর্যবেক্ষণ করছে

***অন্টারিও লেকের পানির স্তরের উচ্চতা বর্তমানে 247 ফুটের বেশি; পূর্বাভাস বলছে স্তরের উচ্চতা বৃদ্ধি পেতে পারে; লেক সংলগ্ন সবথেকে নিচু ভূমি 248 ফুটে প্লাবিত হওয়া শুরু করে***

***পরিবেশ সংরক্ষণ বিভাগ ও স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ পূর্বাভাস ও লেকের পানির স্তরের উচ্চতা পর্যবেক্ষণ করা অব্যাহত রেখেছে***

***লেকের তীরের সম্প্রদায়সমূহে সম্ভাব্য বন্যার প্রভাব প্রশমন করতে স্থানীয় জরুরি ব্যবস্থাপকদের 25,000টির বেশি বালিপূর্ণ বস্তা প্রদান করার জন্য এজেন্সিগুলি প্রস্তুত আছে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট এজেন্সির কর্মীরা অন্টারিও লেক এবং সেইন্ট লরেন্স নদীর বর্ধিষ্ণু পানির স্তরের মাত্রা পর্যবেক্ষণ করছে, যেহেতু সাম্প্রতিক সপ্তাহগুলিতে গ্রেট লেক সিস্টেমজুড়ে দীর্ঘস্থায়ী বৃষ্টিপাতের পরে লেকের পানির স্তরের উচ্চতা 247 ফুট অতিক্রম করেছে। যদিও পানির স্তরের উচ্চতা এখনো 2017 এবং 2019 এর বন্যার পর্যায়ে পৌঁছায়নি বা এমন হবে বলে কোনও পূর্বাভাস নেই, তবে পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) ও স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগসহ (Division of Homeland Security and Emergency Services, DHSES) স্টেটের এজেন্সিসমূহ প্রয়াসের সমন্বয় করছে এবং লেকের তীরের সম্প্রদায়সমূহকে সম্ভাব্য বন্যার প্রভাবের ব্যাপারে সহায়তা করার জন্য সংস্থান প্রস্তুত করছে। এজেন্সিগুলি আগামী কয়েক সপ্তাহে প্রয়োজনমতো বালির বস্তা, পাম্প এবং অন্যান্য বন্যা প্রশমন সংস্থান স্থানীয় সরকারসমূহের জন্য উপলভ্য করবে।

"অন্টারিও লেক এবং সেইন্ট লরেন্স নদী সংলগ্ন এলাকায় বসবাস ও কর্মরত বাসিন্দারা সাম্প্রতিক বছরগুলিকে ব্যাপক দুর্ভোগ সহ্য করেছে, কিন্তু সক্রিয় ব্যবস্থা গ্রহণ করে ও লেকের সংলগ্ন এলাকায় আমাদের স্থানীয় অংশীদারদের সাথে সমন্বয় করার মাধ্যমে আমরা নিশ্চিত করছি যাতে পূর্বে বন্যার ঘটনায় ক্ষতিগ্রস্ত আমাদের সম্প্রদায়সমূহের কাছে যাতে এই বছরের সম্ভাব্য বন্যার প্রভাব প্রশমন করার জন্য তাদের প্রয়োজনীয় সংস্থান ও তথ্য তাদের কাছে থাকে,"

**গভর্নর হোকল বলেন।** "অন্টারিও লেকের পানির স্তরের উচ্চতা পর্যবেক্ষণ করতে আমরা আমাদের স্থানীয় ও ফেডারেল অংশীদারদের সাথে কাজ চালিয়ে যাবো এবং তীরের সংলগ্ন এলাকায় বন্যার কবল থেকে বাসিন্দা ও ব্যবসাসমূহকে রক্ষা করার জন্য সংস্থান মোতায়েন করতে আমরা প্রস্তুত আছি।"

গ্রেট লেকস সিস্টেমে সাম্প্রতিক ভারী বৃষ্টিপাতের কারণে, অন্টারিও লেকের পানির স্তরের উচ্চতা বর্তমানে 247 ফুটের বেশি এবং পূর্বাভাস অনুযায়ী স্তরের উচ্চতা বৃদ্ধি পেতে থাকতে পারে, আন্তর্জাতিক যৌথ কমিশন (International Joint Commission, IJC) পুরো অঞ্চলের বন্যা সমস্যার সমাধান করতে সিস্টেমের পানির প্রবাহের ব্যবস্থাপনা করে। সাম্প্রতিক বছরগুলিতে লেক সংলগ্ন সবথেকে নিচু ভূমি আনুমানিক 248 ফুটে প্লাবিত হওয়া শুরু করেছে। ইতিহাসে লেকের পানির স্তরের সর্বোচ্চ উচ্চতা 249 ফুট।

যদি স্থানীয় জরুরি ব্যবস্থাপনা কর্মকর্তারা সহায়তার অনুরোধ করে সেক্ষেত্রে পাম্প ও বালির বস্তাসহ বন্যা প্রশমন সংস্থানের উপলভ্যতা সমন্বয় করার জন্য স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ, পরিবেশ সংরক্ষণ বিভাগ ও অন্যান্য স্টেট এজেন্সি অংশীদারদের সাথে কাজ করছে। লেকের পানির স্তরের উচ্চতার ব্যাপারে এবং যদি বন্যা সমস্যার সৃষ্টি হয় তাহলে স্টেটের সংস্থানের উপলভ্যতার ব্যাপারে আলোচনা করার জন্য জরুরি ব্যবস্থাপনা অফিসের (Office of Emergency Management, OEM) মাঠপর্যায়ের কর্মীরা ক্যাইয়ুগা, মনরো, নায়াগ্রা, অর্লিন্স, ওসওয়েগো এবং ওয়েইন কাউন্টির স্থানীয় অংশীদারদের সাথে গত এক সপ্তাহে একটি কনফারেন্স ফোন কলে অংশ নিয়েছে। এছাড়াও কোনও সম্ভাব্য পানির স্তরের উচ্চতা বৃদ্ধি পাওয়ার পূর্বে ফেডারেলভাবে সমর্থিত প্রস্তুতির প্রয়াসে নিউ ইয়র্ক স্টেট মার্কিন আর্মি কর্পস প্রকৌশলীদের (U.S. Army Corps of Engineers) সাথে সমন্বয় করছে।

**নিউ ইয়র্ক স্টেটের স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের কমিশনার জ্যাকি ব্রে বলেন,** "সাম্প্রতিক একাধিক ভারী বৃষ্টিপাতের ফলে অন্টারিও লেকের পানির স্তরের উচ্চতা এখন স্বাভাবিকের থেকে বেশি। "যদিও বন্যার কোনও সক্রিয় প্রতিবেদন নেই, এবং স্টেটের অন্টারিও লেক স্থিতিস্থাপকতা ও অর্থনৈতিক বিকাশ উদ্যোগে (Lake Ontario Resiliency and Economic Development Initiative, REDI) প্রকল্পসমূহ উপকূলরেখাকে পানির উচ্চসীমার ক্ষেত্রে উল্লেখযোগ্য পরিমাণ বেশি স্থিতিস্থাপক করেছে, তবু আমরা পানির স্তরের উচ্চতা পর্যবেক্ষণ করা অব্যাহত রেখেছি এবং প্রয়োজন হলে তীর সংলগ্ন সম্প্রদায়সমূহকে সংস্থান দ্বারা সহায়তা করার জন্য প্রস্তুত আছি।

**নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার এবং অন্টারিও লেক স্থিতিস্থাপকতা ও অর্থনৈতিক বিকাশ উদ্যোগের সহপ্রধান ব্যাসিল সেগোস বলেন,** "অন্টারিও লেক ও সেইন্ট লরেন্স নদীর সর্বদা পরিবর্তনশীল পানির স্তরের উচ্চতার ক্ষেত্রে প্রস্তুতি গ্রহণ মুখ্য। যেকোনও বন্যা পরিস্থিতির সৃষ্টি হলে তার সাড়াদানের জন্য প্রয়োজনীয় তথ্য ও সংস্থান যাতে আমাদের কাছে থাকে তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য গভর্নর হোকল, DHSES, IJC এবং অন্যান্য স্টেট ও স্থানীয় অংশীদারদের সাথে DEC সরাসরি কাজ করছে। অঞ্চলে REDI কর্মসূচি বাস্তবায়ন করার চলমান সাফল্যের মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট

অন্টারিও লেক ও সেইন্ট লরেন্স নদী সংলগ্ন বন্যাপ্রবণ সম্প্রদায়সমূহকে সহায়তা ও সমর্থন করছে।"

তীর সংলগ্ন সম্প্রদায়সমূহকে সহায়তা করার জন্য স্টেটের আঞ্চলিক মজুদ থেকে নিম্নের সম্পদগুলি মোতায়েন করার জন্য উপলভ্য আছে:

- 957টি পানির পাম্প
- 1,474টি জেনারেটর
- 20টি স্যান্ডব্যাগার
- 1,589,805টি বালির বস্তা
- 403টি ট্র্যাফিক প্রতিবন্ধক
- 580টি ট্র্যাফিক ব্যারেল
- 35,224 ফুট অ্যাকুয়া ড্যাম

2017 এবং 2019 সালের সাম্প্রতিক বন্যা অন্টারিও লেক ও সেইন্ট লরেন্স নদীর উপকূলবর্তী বাড়িঘর, ব্যবসা এবং অবকাঠামোর মারাত্মক ক্ষয়ক্ষতি করেছে এবং বালির বস্তা, জেনারেটর দিয়ে তাৎক্ষণিক প্রয়োজন মেটাতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেট সম্প্রদায়সমূহের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছে, এবং উপকূলরেখার স্থিতিশীলকরণ ও কাঠামোগত মেরামতের কর্মকাণ্ডের কাজ ত্বরান্বিত করতে সাহায্য করতে একটি সাধারণ অনুমতি এখনো বহাল আছে। 2019 সালে, অন্টারিও লেক স্থিতিস্থাপকতা ও অর্থনৈতিক বিকাশ উদ্যোগ গঠনের মাধ্যমে স্টেটের সাড়াদান উল্লেখযোগ্যভাবে বলিষ্ঠ হয়ে উঠে, এটি সম্প্রদায়সমূহের কল্যাণে, দীর্ঘমেয়াদি স্থিতিস্থাপকতা বৃদ্ধি করতে, এবং অঞ্চলের স্থানীয় অর্থনীতিসমূহকে বলীয়ান করতে 300 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রদান করছে।

## অন্টারিও লেক স্থিতিস্থাপকতা ও অর্থনৈতিক বিকাশ উদ্যোগ সম্পর্কে

অন্টারিও লেক এবং সেন্ট লরেন্স নদীর তীরে বন্যা হওয়ার প্রলম্বিত উদাহরণের প্রতিক্রিয়ায় উপকূলবর্তী সম্প্রদায়সমূহের স্থিতিস্থাপকতা বৃদ্ধি করতে এবং অঞ্চলের অর্থনৈতিক বিকাশকে বলীয়ান করতে 2019 সালে নিউ ইয়র্ক স্টেট REDI প্রতিষ্ঠা করে। স্থানীয় অগ্রাধিকার, ঝুঁকিতে থাকা অবকাঠামো এবং অন্যান্য সম্পদ, এবং জনগণের নিরাপত্তা উদ্বেগ সনাক্ত করার জন্য নায়াগ্রা, অর্লিন্স, মনরো, ওয়েইন, ক্যাইয়ুগা, ওসওয়েগো, জেফার্সন, সেইন্ট লরেন্স কাউন্টির প্রতিনিধিদের নিয়ে পাঁচটি REDI আঞ্চলিক পরিকল্পনা কমিটি (Regional Planning Committees) গঠিত হয়।

134টি বন্যা স্থিতিশীলতা প্রকল্পকে অগ্রসর করার জন্য 2019 সালের বন্যায় ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহের সাথে REDI কমিশন এবং REDI দল কাজ করছে। এই প্রকল্পগুলি শুধু ক্ষতিগ্রস্ত বা ঝুঁকিগ্রস্ত অবকাঠামোর পুনর্গঠনের জন্য নকশা করা হয়নি, বরং জলবায়ু সহনশীলতাকে মাথায় রেখে পুনর্গঠনের জন্য নকশা করা হয়েছে।জলবায়ু চালিত চরম আবহাওয়া যেহেতু বৃদ্ধি পাচ্ছে তাই সবথেকে বেশি ঝুঁকিগ্রস্ত সম্প্রদায়সমূহকে প্রস্তুত রাখা নিশ্চিত করতে নিউ ইয়র্ক স্টেট এর প্রতিশ্রুতি অব্যাহত রেখেছে। REDI কর্মসূচির মাধ্যমে নির্বাচিত প্রকল্পসমূহ বাসিন্দা ও

বেড়াতে আসা মানুষের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করতে সাহায্য করবে এবং একইসাথে পানির স্তরের উচ্চতা বৃদ্ধি পাওয়া এবং চরম আবহাওয়ার ঘটনার সময় এলাকাগুলিকে খোলা রাখবে ও সেখানে যাতায়াত সম্ভব করবে। এই প্রকল্পসমূহের মধ্যে রয়েছে ঝড়ের সিউয়ার হালনাগাদকরণ, বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তাঘাটের উচ্চতা বৃদ্ধি ও উন্নয়ন, এবং বিনোদনের জন্য নৌকাচালকদের জন্য একটি নিরাপদ পোতাশ্রয় ও স্থানীয় ব্যবসার সুবিধা গ্রহণের সুযোগ প্রদান করবে।

নির্বাচিত প্রকল্পসমূহ শুধু জননিরাপত্তার প্রচার করে না, তারা অঞ্চলের অতিমাত্রায় গুরুত্বপূর্ণ পর্যটন অর্থনীতিকেও সমর্থন করে।2019 সালের বসন্তে স্টেটের REDI প্রকল্প সৃষ্টির পর থেকে, 134টি REDI অর্থায়িত স্থানীয় ও আঞ্চলিক প্রকল্পের কাজ চলছে, যার মধ্যে 33টি প্রকল্প নকশা পর্যায়ে, 46টি নির্মাণ পর্যায়ে, এবং 55টি প্রকল্পের কাজ শেষ হয়েছে। REDI ড্রেজিং কর্মসূচির (REDI Dredging Program) মাধ্যমে, আটটি কাউন্টিতে 20 নেভিগেশনাল চ্যানেল ড্রেজিং করা হয়েছে। এইসব প্রকল্পের ব্যাপারে আরো তথ্যের জন্য, এখানে যান।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন